দৈনিক
আমাদের সময়

তারিখ 10 SEP 2017
পৃ: ৪ কলাম: ২

# বাঘায় ছাত্রীর সঙ্গে অসৎ আচরণ, শিক্ষককে শোকজ

বাঘা প্রতিনিধি •

রাজশাহীর বাঘা উপজেলার খায়েরহাট উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণির এক ছাত্রীর সঙ্গে অসৎ আচরণের অভিযোগে ধর্ম বিষয়ের শিক্ষককে শোকজ করা হয়েছে। বিদ্যালয়ের পক্ষ থেকে গত বৃহস্পতিবার শিক্ষককে সাত দিনের মধ্যে শোকজ নোটিশের জবাব দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে ।

জানা গেছে, বাঘা উপজেলার খায়েরহাট উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির হিন্দু ধর্মাবলম্বী ছাত্রীর সঙ্গে গত ২৯ আগস্ট একই বিদ্যালয়ের ধর্ম বিষয়ের শিক্ষক আবদুল আওয়াল অসৎ আচরণ করেন। এই বিষয়ে ওই ছাত্রী প্রধান শিক্ষক বরাবর লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে গত ৭ সেপ্টেম্বর বিদ্যালয় পরিচালনা কমিটি, প্রধান শিক্ষক, শিক্ষক প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। এ সভায় শিক্ষক আবদুল আওয়ালকে সাত দিনের মধ্যে শোকজ নোটিশের জবাব দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মঞ্জুর রহমান বলেন, ঈদের আগে গত ২৯ আগস্ট স্কুল ছুটি হয়ে যায়। ওই দিন এক দশম শ্রেণির ছাত্রীর সঙ্গে অসৎ আচরণ করা হয়েছে, মর্মে আমার কাছে লিখিত অভিযোগ করা হয়েছে। এই অভিযোগের পরিপ্রেক্ষিতে ধর্ম বিষয়ের শিক্ষককে শোকজ করে জবাব চাওয়া হয়েছে। তবে নোটিশটি ডাকযোগে শিক্ষকের বাড়ির ঠিকানায় পাঠানো হয়েছে। জবাব পেলেই শিক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি কাবিল উদ্দিন বলেন, ঘটনা প্রমাণিত হলে তার শাস্তি হবেই। এই ধরনের শিক্ষকের এ প্রতিষ্ঠানে স্থান হবে না। এদিকে বিষয়টি নিয়ে খুব চাপের মধ্যে আছি। স্কুলের আশপাশের লোকজনের মাঝে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। ঘটনার সঙ্গে জড়িত শিক্ষকের বিচারের দাবিতে আগামী সোমবার স্কুল ঘেরাও করবে এলাকাবাসী। তবে এ বিষয়ে অভিযুক্ত শিক্ষক আবদুল আওয়ালের সঙ্গে মোবাইল ফোনে কথা বলার জন্য একাধিকবার ফোন করলেও তিনি ফোন রিসিভ করেননি।